Islamic Religious Council of Singapore

Friday Sermon

5 January 2024 / 23 Jamadil Akhir 1445H

ইসলামী শিক্ষার সৌন্দর্য

الحَمدُ لِلهِ الغَنِيِّ الحَمِيدِ، وَأَشهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحدَهُ لَا شَرِيكَ لَهُ، وَهُوَ عَلَى كُلِّ شَيءٍ شَهِيدٌ، وَأَشهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبدُهُ وَرَسُولُهُ المَبعُوثُ بِالرَّحمَةِ وَالقَولِ السَّدِيدِ، اللَّهُمَّ صَلِّ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَصَحبِهِ وَسَلِّم تَسلِيمًا كَثِيرًا. أَمَّا بَعدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُسلِمُونَ.

জুম্মায় আগত মহান আল্লাহর রহমতপ্রাপ্ত মুসুল্লীগণ,

আসুন, আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার সকল নির্দেশ পালন করে এবং তিনি যা যা নিষিদ্ধ করেছেন সেগুলি করা থেকে বিরত থেকে আমরা মহান আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার প্রতি আমাদের তাকওয়া আরো বাড়িয়ে তোলার প্রচেষ্টা অব্যাহত রাখি। এবং আমরা যেন ইহকালে এবং পরকালে সফলকাম হতে পারি। আমীন। ইয়া রাব্বাল আলামীন!

সম্মানিত মুসলমানবৃন্দ,

সমস্ত প্রশংসা মহান আল্লাহ সুবহানাহু তা'আলার প্রতি আমাদের প্রতি যাঁর দয়া এবং অনুগ্রহ সীমাহীণ। তিনি আমাদেরকে এই পৃথিবীতে সময় দান করেছেন যার জন্য আমরা এই নতুন বর্ষ ২০২৪ সালে পদার্পন করতে পেরেছি। আমাদের মধ্যে ধর্মের প্রতি বিশ্বাস স্থাপন করার জন্য আমরা তাঁর নিকট কৃতজ্ঞ, তিনি

আমাদেরকে এতগুলি বছর এই পৃথিবীতে বেঁচে থাকার তৌফিক দান করেছেন। সমস্ত প্রশংসা মহান আল্লাহ সুবহানাহু তা’আলার।

ইসলাম ধর্মে বিশ্বাসী হিসাবে আমাদেরকে সর্বক্ষণ আমাদের জন্য উপকারী জ্ঞান অর্জনে সচেষ্ট থেকে আমাদের বিশ্বাসকে সমুন্নত রাখতে হবে। আর আমরা সবাই জানি আমাদের ওপর নাজিল হওয়া সর্বপ্রথম বানীই ছিল পড়া সম্পর্কে, যে পড়ার উদ্দেশ্যই হলো জ্ঞান অর্জন করা। মহান আল্লাহ সুবহানাহু তা আলা কোরআনের সুরা আলাকের প্রথম আয়াতে বলেছেন,

ٱقۡرَأۡ بِٱسۡمِ رَبِّكَ ٱلَّذِى خَلَقَ ۝١

অর্থঃ পড় (হে মোহম্মদ) তোমার প্রভুর নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন। (সুরা আল আলাক আয়াত ১)

ইমাম ইবন কাথির তাঁর “তাফসীর” গ্রন্থে এই প্রসংগে ব্যাখ্যা দিতে গিয়ে বলেছেন, সুরা আল আলাকের প্রথম পাঁচটি আয়াতে মহান আল্লাহ সুবহানাহু তা’আলা মানুষের প্রতি তাঁর সকল করুণা ও ভালোবাসা উজার করে ঢেলে দিয়েছেন।

মহান আল্লাহ সুবহানাহু তা’আলার করুণা বোঝার মূল চাবিকাঠি হল জ্ঞান অর্জন করা আর আমরা এই জ্ঞান অর্জন করতে পারি কেবল ইসলাম ধর্মের মধ্যে দিয়ে। প্রকৃত জ্ঞান অর্জনের মাধ্যমেই আমরা মহান সৃষ্টিকর্তা ও তাঁর প্রেরিত নবীগণকে আরো ভালভাবে বুঝতে পারি। আর এই জ্ঞানের আলোতেই মানুষের পক্ষে সদাচরণের চর্চা করা এবং উত্তম মানুষে পরিণত হওয়া সম্ভব। এই জ্ঞান অর্জনের মাধ্যমে আমরা ইসলামের আইনগুলি সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে পারব এবং ফলাফলস্বরূপ আমাদের জীবনে এই আইনগুলির আরো ভালো ব্যবহার নিশ্চিত করতে পারব।

সম্মানিত মুসলমানবৃন্দ,

আমাদের জন্য সর্বোত্তম পথ নির্দেশিকা হলো পবিত্র কোরান ও রাসুলুল্লাহ (সঃ) এর সুন্নতগুলি। মানুষের জন্য আমাদের নবীজী এই সম্পদগুলি এই দুনিয়াতে রেখে গেছেন। তাঁর রেখে যাওয়া এইসব সম্পদের মধ্যে যেসব উদাহরণ দেয়া আছে তা থেকে আমাদেরকে মহান আল্লাহ সুবহানাহু তা'আলার সৃষ্টিগুলির প্রতি চোখ খোলা রেখে সেগুলির প্রশংসা করতে সুপারিশ করা হয়। প্রতিদিনের সূর্য ও চাঁদের উদিত হওয়া ও অস্ত যাওয়া, পর্বতগুলির সমুন্নত দাঁড়িয়ে থাকা, এমনকি গাছের সবুজ পাতা- সেগুলি কেন বেড়ে ওঠে আবার একদিন কেনই বা একদিন তা ঝরে যায় – এই অত্যাশ্চর্য ঘটনাগুলি সম্পর্কে আমাদের চিন্তা করতে হবে। এইসব দৃষ্টান্তগুলির সবগুলিই সৃষ্টিকর্তার অসীম ক্ষমতার প্রদর্শন মাত্র। যা দেখে তাঁর প্রতি আমাদের বিশ্বাস আরো সুদৃঢ় হয়। আর আমাদের মধ্যে এই বোধ আমরা অর্জন করতে পারি কেবলমাত্র আমাদের জন্য উপকারী ও বিশ্বাসযোগ্য জ্ঞান অর্জনের মাধ্যমে।

পবিত্র কোরান ও রাসুলুল্লাহ (সঃ)এর সুন্নাতগুলি আমাদেরকে মনে করিয়ে দেয় যে, প্রতিটি কাজেরই একটি পরিণাম আছে। দয়ালু হওয়ার ফলাফল হিসাবে একজন প্রতিদান হিসাবে কারো দয়া লাভ করবেন এবং মহান আল্লাহ সুবহানাহু তা'আলাও তার প্রতি দয়া প্রদর্শন করবেন এবং এর বিপরীতটাও এ ক্ষেত্রে অবশ্য প্রযোজ্য । এটা আমাদেরকে আরো মনে করিয়ে দেয় যে, আমাদের সর্বদা ভাল কাজ করার চেষ্টা করা উচিত এবং যা কিছু নেতিবাচক তা করা থেকে বিরত থাকা উচিত। আর একমাত্র যথার্থ জ্ঞান অর্জনের মাধ্যমেই আমরা এই ইতিবাচক আচরণ পালন করতে সক্ষম হতে পারি।

সম্মানিত ভাই ও বোনেরা,

একজন সত্যিকারের বিশ্বাসী মানুষ তাঁর ধর্ম বিশ্বাসকে আরো সুশোভিত করে তুলবে তাঁর সুন্দর আচরণ দিয়ে। ধর্মবিশ্বাস আর সদাচরণ হলো এমন দুটি মূল্যবোধ যারা একে অপরের সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত এবং এদের কেউ আলাদা থাকতে পারে না। আমাদের আচরণ আমাদের ধর্মবিশ্বাসেরই প্রতিফলন। আসুন

আমরা আমাদের মুসলমান পরিচয়টি অন্যের নিকট তুলে ধরি আমাদের সদাচরণ দিয়ে। আমরা যেন আমাদের অসুন্দর ব্যবহার দিয়ে আমাদের ধর্মের সম্মান ও মর্যাদাকে কলঙ্কিত না করি।

মনে করে দেখুন ইমাম আল তিরমিযী কর্তৃক বর্ণিত সেই হাদীসটি যেখানে আমাদের নবী করিম (সঃ) যে বক্তব্যটি দিয়েছেন, **أَكْمَلُ الْمُؤْمِنِينَ إِيمَانًا أَحْسَنُهُمْ خُلُقًا**

তিনি বলেছেন, ‘‘ধর্মবিশ্বাসীদের মধ্যে তিনি-ই সম্পূর্ণ বিশ্বাসী যাঁরা আচরণ সর্বোৎকৃষ্ট’’।

আমার সম্মানিত ভাই ও বোনেরা,

আসুন, আমরা মহান আল্লাহ সুবহানাহু তা’আলার সন্তুষ্টি অর্জনের জন্য সকলে মিলে একত্রে কাজ করি। আমরা আমাদের আজকের দিনটিকে গতকালের চেয়ে এবং আগামীকালকে আজকের চেয়ে আরো সুন্দর করে তুলতে পারি। আমরা আমাদের মধ্যে আত্মবিশ্বাসকে স্থাপন করব, প্রজ্ঞা রোপন করব এবং শান্তির বানী প্রচার করব।

আমাদের নতুন বছরের ইরাদা বা প্রতিজ্ঞা হওয়া উচিত যে আমরা নতুন বছরে ধর্মীয় জ্ঞান আরো গভীরভাবে জানার চেষ্টা করব। একই সঙ্গে আমরা কি কাজ কেমন করে করি তা খেয়াল করে দেখা উচিত এবং আমাদের ২০২৩ সালের কর্মকান্ডগুলিকে পর্যালোচনা করা উচিত। আমরা কি মুসলমান ধর্মে বিশ্বাসী হিসাবে আমাদের সকল দায়িত্বগুলি সর্বোত্তম উপায়ে পালন করার চেষ্টা করেছি? আমরা কি আমাদের সকল কাজ এবং অন্যের সঙ্গে সকল আচরণ ন্যায়বিচার ও নিরপেক্ষতার সংগে পালন করেছি? আগামী বছর আরো ভালভাবে এই সব কাজগুলি সম্পন্ন করার জন্য আমরা কী পরিকল্পনা করেছি?

সম্মানিত ভাই ও বোনেরা,

আমাদের মসজিদগুলি এবং রেজিস্টার্ড ইসলামিক স্টাডি সেন্টারগুলি আমাদের নিজেদের উন্নতি এবং আমাদের ধর্মীয় জ্ঞান আরো ভালভাবে বোঝার জন্য কতগুলি কোর্স পরিচালনা করে। আমরা সেই

কোর্সগুলিতে উপস্থিত থাকতে পারি এবং আমাদের নিজেদের উন্নতি সাধন করতে পারি ও ধর্মীয় জ্ঞান আরো বৃদ্ধি করতে পারি।

আমরা যেন অবশ্যই আমাদেরকে এবং আমাদের পরিবারের সদস্যদের সেইসব কর্মকান্ডে অংশ নেয়া থেকে রক্ষা করতে পারি যেখানে বলা হয়ে থাকে তাদের কর্মই সর্বোৎকৃষ্ট এবং তাদের প্রোগ্রামে অংশ নিলে পরিণামে বেহেশ্তবাসী হওয়া যাবে, ইত্যাদি। শুধুমাত্র স্বর্গীয় বা বেহেশ্তী উদ্দীপনা নিয়ে যে শিক্ষাগুলি দেয়া হয়ে থাকে সেগুলি থেকে যেন আমরা আমাদের নিজেদেরকে এবং আমাদের পরিবারকে রক্ষা করতে পারি। আরও প্রয়োজন নিজেদেরকে ও পরিবারের সদস্যদেরকে এমন সব শিক্ষা থেকে রক্ষা করা, যে শিক্ষা শুধুমাত্র জান্নাতী অনুপ্রেরণার উপর ভিত্তি করে সৃষ্ট, অথবা সেই শিক্ষা যা আধ্যাত্মিক সত্য জ্ঞান ও সজ্ঞাতভাবে অর্জিত জ্ঞান অর্জনের উপর ভিত্তি করে নির্মিত, যা ইসলামের প্রকৃত শিক্ষার একটি বিকৃত রূপ মাত্র।

এই রকম সব ভুল ধারণা থেকে উদ্ভুত ধর্মীয় জ্ঞান আমাদেরকে ধর্ম সম্পর্কে যে ধারণা দেয় তা খুবই সংকীর্ণ মনোভাবাপন্ন। যার ফলাফলস্বরূপ ধর্ম আমাদের সামনে আসে বিকৃতরূপে ভুলভ্রান্তিসহ। তাই আজ যাঁরা এখানে উপস্থিত আছেন সবাইকে আমি আরো একবার মনে করিয়ে দিতে চাই যে, ধর্মীয় জ্ঞান অর্জন করতে হলে তা বিশ্বাসযোগ্য এবং সুযোগ্য উৎসসমূহ থেকে সংগ্রহ করা অত্যন্ত জরুরী।

আমাদের ওপর ন্যস্ত করা এক গুরু দায়িত্ব হলো ধর্মীয় শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা ভাল করে যাচাই করে নেয়া। এই বিবেচনায় একজন বিখ্যাত পন্ডিত আবদুল্লাহ ইবনে মুবারক একদা হাদীস বিবরণের বিজ্ঞান সম্পর্কে বলতে গিয়ে বলেছিলেন, “ প্রকৃতপক্ষে, ইসনাদ, (হাদীসের বর্ণনাকারীর যোগ্যতা সম্পর্কে জানা) ধর্মীয় চাহিদার একটি অংশ বটে। ইসনাদ না জানলে, যে কেউ আমাদের নবী করিম (সঃ) এর হাদীসগুলি সম্পর্কে যে কোন কিছু তার ইচ্ছা মত, অবাধে বলতে পারবে।

মহান আল্লাহ সুবহানাহু তা’আলা আমাদেরকে তৌফিক ও হেদায়েত দান করুন। তিনি যাঁদের প্রতি সন্তুষ্ট আমরা যেন তাঁদের একজন হতে পারি। আমীন! ইয়া রাব্বাল আলামীন!

أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم

SECOND SERMON

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ الله، اِتَّقُوا اللهَ تعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ

مِنْهَا وَمَا بطَنَ، عَن بلَدِنا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا اْلمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلِسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِين. اللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يَا رَبَّ العَالَمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذْكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضلِهِ يُعطِكُم، وَلَذِكرُ اللهِ أَكبَرُ، وَاللهُ يَعلَمُ مَا تَصنَعُونَ.